বাংলাদেশের
কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল এর কার্যালয়
অডিট ভবন
৭৭/৭, কাকরাইল, ঢাকা।
www.cag.org.bd

নং-সিএজি/পরীক্ষা-৩/বিবিধ/খন্ড-৮/২১৭

তারিখঃ- ০৪ বৈশাখ ১৪২৬ বঃ।
১৭/০৪/২০১৯ খ্রিঃ ।

## বিজ্ঞপ্তি

**বিষয় ঃ এসএএস/এসআরএএস ২য় পর্ব পরীক্ষা/২০১৯ অনুষ্ঠান প্রসঙ্গে।**

বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল মহোদয় সদয় হয়ে এম. এস. ও-২০০৭ এর অনুচ্ছেদ-১৪৯ মোতাবেক অবিলম্বে এসএএস/এসআরএএস ২য় পর্ব পরীক্ষা/২০১৯ অনুষ্ঠানের কার্যক্রম গ্রহণের নির্দেশনা প্রদান করেছেন। এসএএস/এসআরএএস ২য় পর্ব পরীক্ষায় অংশগ্রহণের বিষয়ে সিএজি মহোদয়ের ভিন্নরূপ কোন আদেশ না থাকা সাপেক্ষে এম. এস. ও-২০০৭ এর অনুচ্ছেদ-১৫৫ এ উল্লিখিত শর্তানুযায়ী এসএএস/এসআরএএস ১ম পর্ব পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণই কেবল এসএএস/এসআরএএস ২য় পর্ব পরীক্ষা/২০১৯ এ অংশগ্রহণের যোগ্য মর্মে বিবেচিত হবেন। এমতাবস্থায় উক্ত পরীক্ষায় অংশগ্রহণের লক্ষ্যে নিম্নবর্ণিত শর্তসমূহ অনুসরণপূর্বক আবেদনপত্র প্রেরণের জন্য আদিষ্ট হয়ে সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলোঃ

০১. পরীক্ষায় অংশগ্রহণেচ্ছু পরীক্ষার্থীগণের আবেদনপত্র নির্ধারিত ফরমে (নমুনা সংযুক্ত) সঠিকভাবে পূরণ করে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে প্রেরণ করতে হবে। ঐ সকল আবেদনপত্রসহ তাঁদের নামের তালিকা নির্ধারিত ছকে (এম.এস.ও-২০০৭. ফরম-১ নমুনা সংযুক্ত) ফুলস্কেপ সাইজ কাগজে ডাবল স্পেস রেখে প্রণয়ন করতঃ এম. এস. ও-২০০৭ ফরম নং-১ এর সনদগুলি যথাযথভাবে প্রদান করে এর তিন কপি (কোন পরীক্ষার্থী না থাকলে শূন্য প্রতিবেদন) তালিকা **SutonnyMJ Font** এ হার্ড কপিসহ অবশ্যই আগামী ২০/০৫/২০১৯ খ্রিঃ তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণ করতে হবে।

০২. উক্ত তালিকার একটি সফট কপি **SutonnyMJ Font** এ E-mail **(acagexam@gmail.com)** করতে হবে । উক্ত তারিখের পর কোন তালিকা বা সম্পূরক তালিকা গ্রহণ করা হবে না এবং এতদসংক্রান্ত পৃথক কোন আবেদনপত্রও সুপারিশ করে সিএজি কার্যালয়ে প্রেরণ করা যাবে না। **পূর্ব হতে রেজিস্ট্রেশন নম্বর প্রাপ্ত পরীক্ষার্থীগণের তালিকা এবং নতুন পরীক্ষার্থীগণের তালিকা পৃথক পৃথক ভাবে প্রণয়ন করে প্রেরণ করতে হবে।**

০৩. পরীক্ষার্থীগণের তালিকা প্রস্তুত কালে নির্ধারিত ছকের (এম.এস.ও-২০০৭ ফরম-১) ৭ নম্বর কলাম পূরণের ক্ষেত্রে অব্যাহতি প্রাপ্ত বিষয়ের (প্রতি বিষয়ের জন্য আলাদা ক্রমিক নম্বরসহ) নাম, রোল নম্বর ও বৎসর অবশ্যই নির্ভুলভাবে উল্লেখ করতে হবে।

০৪. কোন বিষয়ে কতজন পরীক্ষার্থী অংশগ্রহণ করতে ইচ্ছুক তার একটি সংক্ষিপ্ত বিবরণী প্রেরণ করতে হবে।

০৫. পরীক্ষার্থীগণকে পরীক্ষার ফি বাবদ জন প্রতি ৫০০/-(পাঁচশত) টাকা ১/১০০১/০০০১/২০৩১-পরীক্ষার ফি খাতে সরকারি কোষাগারে জমা দিয়ে চালানের মূলকপি এবং প্রত্যেক পরীক্ষার্থীর এক কপি নমুনা-স্বাক্ষর পরীক্ষার্থীগণের তালিকার সাথে প্রেরণ করতে হবে।

০৬. পরীক্ষার্থীগণের রেজিস্ট্রেশন কার্ডের একটি নমুনা ফরম এতদ্‌সঙ্গে প্রেরণ করা হলো। প্রত্যেক নতুন পরীক্ষার্থীর পাসপোর্ট সাইজের সদ্য তোলা এক কপি সত্যায়িত ছবি রেজিস্ট্রেশন কার্ডের নির্ধারিত স্থানে আঁঠা দিয়ে এবং এক কপি স্ট্যাম্প সাইজের সত্যায়িত ছবি পৃথকভাবে স্ট্যাপলার দিয়ে সংযুক্ত করতঃ রেজিস্ট্রেশন কার্ডের নমুনা ফরমে বর্ণিত তথ্যাদি পূরণ করে পরীক্ষার্থীর স্বাক্ষর এবং অফিস প্রধানের স্বাক্ষরসহ পরীক্ষার্থী তালিকার সাথে প্রেরণ করতে হবে।

০৭. পূর্ব হতে রেজিস্ট্রেশন নম্বর প্রাপ্ত পরীক্ষার্থীগণের পুনরায় রেজিস্ট্রেশন কার্ড পূরণ করার প্রয়োজন নেই। তবে তাঁদেরকে পূর্বে ইস্যুকৃত রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি অবশ্যই পরীক্ষার্থী তালিকার সঙ্গে প্রেরণ করতে হবে। অধিকন্তু পরীক্ষার হলে নতুন-পুরাতন সকল পরীক্ষার্থীকেই মূল রেজিস্ট্রেশন কার্ড (ছবিসহ) দেখাতে হবে।

০৮. পরীক্ষার্থীগণের প্রবেশপত্রের জন্য এতদ্‌সংঙ্গে একটি নমুনা ফরম প্রেরণ করা হল। প্রত্যেক পরীক্ষার্থীর জন্য স্ব স্ব অফিস কর্তৃক একটি করে ফরমে পরীক্ষার্থীর নাম ও অফিসের নাম যথাস্থানে পূরণ করতঃ নমুনা স্বাক্ষরের স্থানে নমুনা স্বাক্ষর নিয়ে তা সত্যায়িত করে প্রেরণ করতে হবে। প্রবেশপত্রের ফরমে নাম, স্বাক্ষর ইত্যাদি অবশ্যই স্পষ্টাক্ষরে হতে হবে।

০৯. পরীক্ষায় অংশগ্রহণেচ্ছু পরীক্ষার্থীর জন্য তাঁর আবেদনে উল্লিখিত প্রত্যেক বিষয়ের পরীক্ষায় অংশ গ্রহণ করা বাধ্যতামূলক। অনুপস্থিত পরীক্ষার্থীগণের ক্ষেত্রে অনুপস্থিতির সঠিক কারণ (প্রমাণাদিসহ) পরীক্ষা সমাপ্তির ৭ দিনের মধ্যে পরীক্ষার্থী কর্তৃক নিজ অফিসকে অবহিত করতে হবে এবং পরীক্ষা সমাপ্তির ১ মাসের মধ্যে অফিস প্রধানের মন্তব্যসহ তাঁদের আবেদনপত্র/আবেদনপত্রসমূহ সংশ্লিষ্ট অফিস কর্তৃক সিএজি কার্যালয়ে প্রেরণ করতে হবে। অনুপস্থিতির কারণ সিএজি কার্যালয়ের নিকট গ্রহণযোগ্য বিবেচিত না হলে অনুপস্থিত পরীক্ষার্থীগণকে এম. এস. ও-২০০৭ এর অনুচ্ছেদ-১৫৬ অনুযায়ী পরবর্তী ২টি পরীক্ষায় অংশ গ্রহণের সুযোগ হতে বিরত রাখা হবে।

১০. এপ্রিল/২০১৫ (ফেব্রুয়ারি/১৬ মাসে অনুষ্ঠিত) এবং ডিসেম্বর/২০১৭ মাসে অনুষ্ঠিত এসএএস/এসআরএএস ২য় পর্ব পরীক্ষায় অনুপস্থিত যে সকল পরীক্ষার্থীকে ন্যূনতম পরবর্তী ১টি পরীক্ষায় অংশ গ্রহণ করা হতে বিরত রাখার নির্দেশ দেওয়া হয়েছে, শাস্তি মওকুফ করা না হলে তাদের কারও নাম পরীক্ষার্থী তালিকায় অন্তর্ভুক্ত করা যাবে না।

অপর পৃষ্ঠা দ্রষ্টব্য

১১. কোন পরীক্ষার্থী পরীক্ষার হলে মোবাইল ফোন সঙ্গে রাখতে পারবেন না।

১২. হল প্রাপ্তি সাপেক্ষে এসএএস/এসআরএএস ২য় পর্ব পরীক্ষার অনুষ্ঠানের তারিখ, সময়সূচী ও কেন্দ্রের নাম যথাসময়ে জানানো হবে।

১৩. পরীক্ষায় অংশগ্রহণেচ্ছু প্রার্থীগণের অবগতির নিমিত্ত এ বিজ্ঞপ্তিটি যথাযথভাবে প্রচার করার জন্য আদিষ্ট হয়ে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ- ১। প্রবেশপত্র-নমুনা কপি।
২। রেজিস্ট্রেশন কার্ড-নমুনা কপি।
৩। এম. এস. ও-২০০৭ ফরম-১-নমুনা কপি।

স্বাক্ষরিত/-
(এস. এম. মাহ্মুদুল হাসান)
সহকারী মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক
পরীক্ষা ও পরিদর্শন
ফোনঃ ৯৩৪৬৬০৯।
E-mail: acagexam@gmail.com

নং-সিএজি/পরীক্ষা-৩/বিবিধ/খন্ড-৮/২১৭

তারিখঃ- ০৪ বৈশাখ ১৪২৬ বঙ্গ।
১৭/০৪/২০১৯ খ্রিঃ।

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহনের জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ

(১) হিসাব মহা নিয়ন্ত্রক, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

(২) কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স, ১ম ১২ তলা সরকারী অফিস ভবন (৪র্থ তলা) সেগুনবাগিচা, ঢাকা।

(৩) উপ-মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক (সিনিয়র), সিএজি কার্যালয়, অডিট ভবন, ৭৭/৭, কাকরাইল, ঢাকা।

(৪) অতিরিক্ত মহাপরিচালক (অর্থ), বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ১৬, আব্দুল গণি রোড, ঢাকা।

(৫) মহাপরিচালক, ফিন্যান্সিয়াল ম্যানেজমেন্ট একাডেমী, এ/৭, লালাসরাই, মিরপুর-১৪, ঢাকা।

(৬) উপ মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক (এএন্ডআর/ পদ্ধতি), অডিট ভবন, ৭৭/৭, কাকরাইল, ঢাকা।

(৭) মহাপরিচালকঃ স্থানীয় ও রাজস্ব/ বাণিজ্যিক/ পূর্ত/ বৈদেশিক সাহায্যপুষ্ট প্রকল্প/ প্রতিরক্ষা/ সিভিল/ দূতাবাস/ ডাক, টেলিফোন, বিজ্ঞান, ও প্রযুক্তি বিষয়ক/ পারফরমেন্স/ রেলওয়ে অডিট অধিদপ্তর, ঢাকা।

(৮) অর্থ উপদেষ্টা ও প্রধান হিসাব অধিকর্তা (পূর্ব)/(পশ্চিম)/(প্রকল্প), বাংলাদেশ রেলওয়ে, চট্টগ্রাম/ রাজশাহী/ ঢাকা।

(৯) পরিচালক, এমআইএস, সিএজি কার্যালয়, অডিট ভবন, ৭৭/৭, কাকরাইল, ঢাকা।

[ওয়েবসাইটে প্রচারের জন্য অনুরোধ করা হলো]

(১০) পি এস টু সি এ জি, অডিট ভবন, ৭৭/৭, কাকরাইল, ঢাকা।

(১১) অফিস কপি।

17/04/2019

(এস. এম. মাহ্মুদুল হাসান)
সহকারী মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক
পরীক্ষা ও পরিদর্শন
ফোনঃ ৯৩৪৬৬০৯।
E-mail: acagexam@gmail.com

বাংলাদেশের
কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল এর কার্যালয়
অডিট ভবন
৭৭/৭, কাকরাইল, ঢাকা।
www.cag.org.bd

## প্রবেশপত্র

## এসএএস/এসআরএএস ২য় পর্ব পরীক্ষা/২০১৯

রেজিস্ট্রেশন নম্বর ঃ | ২ | | | | | | সনঃ ২০.............

পরীক্ষার্থীর নাম ঃ .......................................................................................................
অফিসের নাম ঃ .......................................................................................................
রোল নম্বর ঃ .......................................................................................................
পরীক্ষার কেন্দ্র ঃ .......................................................................................................
পরীক্ষার্থীর নমুনা স্বাক্ষর ঃ ..................................................................................................

সত্যায়িত
বিভাগীয় প্রধান অথবা তাঁর মনোনীত কর্মকর্তার স্বাক্ষার ও সীল

পরীক্ষার বিষয়সমূহ ঃ

(১)
(২)
(৩)

## অবশ্য পালনীয় নির্দেশনা

০১. পরীক্ষা কেন্দ্রে প্রবেশকালে পরীক্ষার্থীকে প্রবেশপত্র এবং রেজিস্ট্রেশন কার্ড দেখিয়ে প্রবেশ করতে হবে। অন্যথায় তাঁকে হলে প্রবেশ করতে দেয়া হবে না।

০২. পরীক্ষার হলে পরীক্ষার্থী তাঁর নির্ধারিত আসন ব্যতিরেকে অন্য কোন আসনে বসলে কিংবা আসন পরিবর্তন করতে হলে হতে বহিষ্কারসহ তাঁর বিরুদ্ধে শৃঙখলা ও আপীল বিধিমালা-২০১৮ অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৩. যে বিষয়ের পরীক্ষায় পুস্তকের সাহায্য নেওয়ার অনুমতি রয়েছে, শুধুমাত্র সে বিষয়ের অনুমতিপ্রাপ্ত পুস্তক ছাড়া অন্য কোন পুস্তক পরীক্ষার হলে সঙ্গে রাখা যাবে না।

০৪. পরীক্ষার্থীর নিকট কোন নকল বা অবাঞ্চিত কাগজপত্র পাওয়া গেলে তাঁকে হল হতে বহিষ্কারসহ তাঁর বিরুদ্ধে শৃঙ্খলা ও আপীল বিধিমালাঃ-২০১৮ অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৫. পরীক্ষা শুরু হওয়ার ৩০ মিনিট পর কোন পরীক্ষার্থীকে হলে প্রবেশের অনুমতি প্রদান করা যাবে না। পরীক্ষা শুরু হওয়ার পর ১ (এক) ঘন্টার মধ্যে কোন পরীক্ষার্থীর খাতা জমা নেওয়া হবে না এবং কোন পরীক্ষার্থীকে ঐ সময়ের মধ্যে হল ত্যাগ করতে দেয়া হবে না। ২ (দুই) ঘন্টার পূর্বে কেহ হল ত্যাগ করলে তাঁকে প্রশ্নপত্র নিয়ে যেতে দেয়া হবে না।

০৬. পরীক্ষার হলে কোন পরীক্ষার্থী দুর্ব্যবহার বা অসদাচরণ অথবা অসদুপায় অবলম্বন করলে তাৎক্ষণিকভাবে হল হতে বহিষ্কারসহ তাঁর বিরুদ্ধে শৃঙ্খলা ও আপীল বিধিমালা-২০১৮ অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে। এরূপ ক্ষেত্রে পরীক্ষা কেন্দ্রের প্রিজাইডিং অফিসারের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য করা হবে।

০৭. পরীক্ষার্থীর জন্য তাঁর আবেদনে উল্লেখিত প্রত্যেক বিষয়ের পরীক্ষায় অংশগ্রহণ করা বাধ্যতামূলক। পরীক্ষায় অনুপস্থিত থাকলে অনুপস্থিতির সঠিক কারণ (প্রমাণাদিসহ) পরীক্ষা সমাপ্তির ৭ দিনের মধ্যে পরীক্ষার্থী কর্তৃক নিজ অফিসকে অবহিত করতে হবে এবং সংশ্লিষ্ট অফিস কর্তৃক তা পরীক্ষা সমাপ্তির ১ (এক) মাসের মধ্যে সিএজি কার্যালয়ে প্রেরণ করতে হবে।

০৮. কারিগরি (Technical) শব্দ ব্যতিরেকে একই প্রশ্নের উত্তরে বাংলা ও ইংরেজি ভাষার সংমিশ্রন করা যাবে না।

০৯. পরীক্ষার হলে কোন পরীক্ষার্থী মোবাইল ফোন সঙ্গে রাখতে পারবেন না। কারও নিকট মোবাইল ফোন পাওয়া গেলে, হল হতে বহিষ্কারসহ তাঁর বিরুদ্ধে শৃঙ্খলা ও আপীল বিধিমালা-২০১৮ অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে।

(এস. এম. মাহ্মুদুল হাসান)
সহকারী মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক
পরীক্ষা ও পরিদর্শন
ফোনঃ ৯৩৪৬৬০৯।
E-mail: acagexam@gmail.com

বাংলাদেশের
কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল এর কার্যালয়
**অডিট ভবন**
৭৭/৭, কাকরাইল, ঢাকা।
www.cag.org.bd

পাসপোর্ট সাইজের
১ কপি সত্যায়িত ছবি
(আঠা দিয়া সংযুক্ত করুন)

**এসএএস/এসআরএএস ২য় পর্ব পরীক্ষা**

**রেজিস্ট্রেশন কার্ড**

পরীক্ষার্থীর নাম ঃ ..........................................................................................................

পদবী ঃ ..........................................................................................................

পিতার নাম ঃ ..........................................................................................................

মাতার নাম ঃ ..........................................................................................................

জন্ম তারিখ ঃ ..........................................................................................................

সরকারী চাকুরীতে প্রথম যোগদানকৃত অফিসের নাম ঃ ..........................................................

পদবী ঃ ..........................................................

তারিখ ঃ ..........................................................

বর্তমানে কর্মরত অফিসের নাম ঃ..........................................................................................

রেজিস্ট্রেশন নম্বর ঃ (সিএজি কার্যালয় কর্তৃক পুরনীয়)

| ২ | | | | | |
|---|---|---|---|---|---|

সন ঃ

| ২ | ০ | | |
|---|---|---|---|

পরীক্ষার বিষয়সমূহঃ

(১) সরকারি হিসাব ব্যবস্থা ও বাণিজ্যিক হিসাবের সম্যক ধারণা (১ম পত্র ও ২য় পত্র)।
(২) পূর্ত হিসাব বিধি ও পদ্ধতি (বেসামরিক, প্রতিরক্ষা, পিটিএন্ডটি ও রেলওয়ে) (তাত্ত্বিক ও ব্যবহারিক)।
(৩) রাজস্ব, ট্রাফিক, ভান্ডার ও কারখানা হিসাব (তাত্ত্বিক ও ব্যবহারিক)।

পরীক্ষার্থীর স্বাক্ষর

অফিস প্রধান
(স্বাক্ষর ও সীল)

এসিএজি (পরীক্ষা ও পরিদর্শন)
সিএজি কার্যালয়

বিঃ দ্রঃ (১) এ রেজিস্ট্রেশন কার্ড পরীক্ষা চলাকালীন প্রতিদিন পরীক্ষার হলে সঙ্গে আনতে হবে।
(২) এসএএস/এসআরএএস ২য় পর্ব পরীক্ষায় উত্তীর্ণ না হওয়া পর্যন্ত এ রেজিস্ট্রেশন কার্ড সংরক্ষণ করতে হবে।

## অফিসের নাম ঃ...............................................................

এম.এস.ও-২০০৭ ফরম নং-১

| ক্রমিক নম্বর | পরীক্ষার্থীর নাম | জন্ম তারিখ | পদবী | সিএজি অফিস কর্তৃক বরাদ্দকৃত রোল নম্বর | রেজিস্ট্রেশন নম্বর ও সন (পূর্বে বরাদ্দকৃত) | এসএএস/এসআরএএস ২য় পর্ব পরীক্ষার কোন বিষয়ে অব্যাহতি পেয়ে থাকলে উক্ত বিষয়ের নাম, অব্যাহতি প্রাপ্তির বৎসর ও রোল নম্বর (প্রতি বিষয়ের জন্য আলাদা ক্রমিক নম্বর দিতে হবে)। | পরীক্ষার গ্রুপ | পরীক্ষার্থী যে সমস্ত বিষয়ে পরীক্ষায় অংশ গ্রহণ করবেন | এসএএস/এসআরএএস ১ম পর্ব পরীক্ষা পাশের সন ও রোল নম্বর | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| | | | | | | | | | | |

প্রত্যয়ন করা যাচ্ছে যে,

১. এম.এস.ও-২০০৭ এর অনুচ্ছেদ-১৫৭ অনুযায়ী প্রত্যেক প্রার্থীর পরীক্ষায় অংশ গ্রহণের যোগ্যতা সম্পর্কে আমি ব্যক্তিগত ভাবে সন্তুষ্ট।
২. প্রত্যেক প্রার্থী এসএএস/ এসআরএএস ১ম পর্ব পরীক্ষায় উত্তীর্ণ হয়েছেন।
৩. কলাম ৭ এ প্রদত্ত তথ্য সম্পূর্ণ নির্ভুল।
৪. এপ্রিল/২০১৫ (ফেব্রুয়ারী/২০১৬ মাসে অনুষ্ঠিত) এবং ডিসেম্বর/ ২০১৭ মাসে অনুষ্ঠিত এসএএস/এসআরএএস ২য় পর্ব পরীক্ষায় অনুপস্থিত কোন পরীক্ষার্থীর নাম এই তালিকায় অন্তর্ভুক্ত করা হয় নি।
৫. তালিকায় অন্তর্ভুক্ত প্রত্যেক পরীক্ষার্থী তাঁর আবেদনকৃত সকল বিষয়ের পরীক্ষা অংশ গ্রহণ করবেন।
৬. পূর্ব হতে রেজিস্ট্রেশন নম্বর প্রাপ্ত পরীক্ষার্থীগণের তালিকা এবং নূতন পরীক্ষার্থীগণের তালিকা পৃথক পৃথক ভাবে প্রণয়ন করে প্রেরণ করা হয়েছে।

...................................................

অফিস প্রধানের স্বাক্ষর ও সীল